

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৬৪৫

২৯/ দু'আ ও যিকর

পরিচ্ছেদঃ দু'আর গুরুত্ব ও মাহাত্ম্য এবং নবী (্ৠ্রি) এর কতিপয় দু'আর নমুনা

## আরবী

## বাংলা

(৩৬৪৫) আনাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর অধিকাংশ দু'আ এই হত, 'আল্লাহুম্মা আ-তিনা ফিদ্দুন্য়া হাসানাহ, অফিল আ-খিরাতে হাসানাহ, অফিনা আযাবান্নার।' অর্থাৎ, হে আল্লাহ! আমাদেরকে ইহকালে কল্যাণ দাও এবং পরকালেও কল্যাণ দাও। আর জাহান্নামের আযাব থেকে আমাদেরকে বাঁচাও। (বুখারী ৬৩৮৯, মুসলিম ৭০১৬)

মুসলিমের অন্য বর্ণনায় বর্ধিত আকারে আছে, আনাস (রাঃ) যখন একটি দু'আ করার ইচ্ছা করতেন, তখন ঐ দু'আ করতেন। আবার যখন (বিভিন্ন) দু'আ করার ইচ্ছা করতেন, তখন তার মাঝেও ঐ দু'আ করতেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন